দৈনিক সংবাদ

২৮ JUN 1987

তারিখ ২৮ JUN 1987
পৃষ্ঠা ১ কলাম ৭

১৪ই আষাঢ় ১৩৯৪

# ঢাকা বিশ্ববিদ্যালয় বাজেট উপদেষ্টা কমিটি ছাত্র বেতন ও সিট ভাড়া বাড়ানোর সুপারিশ করেছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় বাজেট উপদেষ্টা কমিটি বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের বেতন এবং আবাসিক হলের সীট ভাড়া বাড়ানোর সুপারিশ করেছে।

কমিটি ছাত্রবেতন ৬৬থেকে ৮০ শতাংশ এবং সীট ভাড়া ৬০ থেকে ৮৭ শতাংশ বৃদ্ধির পক্ষে মত দিয়েছে বলে জানা গেছে। গত বছরের ২৮শে জুন বিশ্ববিদ্যালয় সিনেট কর্তৃক গঠিত এই কমিটি আসন্ন নতুন অর্থবছরের জন্য বিশ্ববিদ্যালয়ের বাজেট তৈরীর সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে উপরোক্ত সুপারিশ বিবেচনা করতে পরামর্শ দেয়।

শেখ বোরহান উদ্দিন কলেজের অধ্যক্ষ এ কে, এম, শহীদুল্লাহকে আহ্বায়ক করে গঠিত ১২ সদস্যের বাজেট উপদেষ্টা কমিটির সুপারিশে বলা হয়েছে, বিশ্ববিদ্যালয়ের গত কয়েক বছরের বাজেট পর্যালোচনা করে দেখা গেছে, নিজস্ব আয় অত্যন্ত কম বলে বিশ্ববিদ্যালয়কে মূলতঃ সরকারী সাহায্যের ওপর নির্ভর করতে হয়। বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসনকে আরো বাস্তব ও যুক্তিযুক্ত করার লক্ষ্যে তাই নিজস্ব আয় বাড়ানো প্রয়োজন।

ছাত্রছাত্রীদের বেতন থেকে প্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের আয়কে অত্যন্ত অপ্রতুল বলে উল্লেখ করে কমিটি বিএ/বিকম (সম্মান) শ্রেণীর ছাত্রছাত্রীদের বর্তমান মাসিক বেতন ১০ টাকা থেকে বাড়িয়ে ১৮ টাকা, বি,এসসি (সম্মান) শ্রেণীর বেতন ১২ টাকা থেকে ২০ টাকা, এম এ/এম কম শ্রেণীর বেতন ১২ টাকা থেকে ২০ টাকা এবং এম,এসসি শ্রেণীর বেতন ১৫ টাকা থেকে ২৫ টাকা করার প্রস্তাব করেছে।

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল থেকে পাওয়া সিট ভাড়া বাবদ আয়কেও অত্যন্ত অপ্রতুল হিসেবে

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয় বাজেট

(১ম পাতার পর)

উল্লেখ করে কমিটি হলগুলোর এক শয্যাবিশিষ্ট কক্ষের বর্তমান মাসিক ভাড়া ৮ টাকা থেকে বাড়িয়ে ১৫ টাকা, দুই শয্যাবিশিষ্ট কক্ষের প্রতি সিটের ভাড়া ৭ টাকা থেকে ১২ টাকা, তিন শয্যার কক্ষের প্রতিটির ভাড়া ৬টাকা থেকে ১০টাকা এবং চার শয্যার কক্ষের প্রতি সিটের ভাড়া ৫ টাকা থেকে ৮ টাকা করার প্রস্তাব দিয়েছে।